

কথা

কথা বলো তোমার ঠোঁট স্বাধীন।  
কথা বলো তোমার জিভ তোমার।  
তোমার শরীরের খাড়া মেদন্ড তোমার।  
কথা বলো তুমি এখনও বেঁচে আছো।  
দ্যাখো, সামনেই কামারশালার অগ্নিকুন্ডে  
আগুনের শিখাগুলি জ্বলছে, ইস্পাতের ফলাগুলি টকটকে লাল।  
হাতের শিকল, পায়ের বেড়ি, সব আলগা হয়ে খুলে গিয়েছে।  
কথা বলো যতক্ষণ না প্রাণ এবং বাকশক্তি  
একেবারে স্তব্ধ করে দেওয়া হচ্ছে;  
ততক্ষণ, মাত্র একঘণ্টা সময় হলেও, যথেষ্ট।  
কথা বলো এখনো 'সত্য' অবিচ্ছিন্ন।  
কথা বলো যে-কথা জীবন থাকতে তোমাকে উচ্চারণ করতেই হবে।

ফৈজ আহমদ ফৈজ  
অনুবাদক : বীরেন্দ্র চট্টোপাধ্যায়

